গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
নগর উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০০.০০০০.১০৭.০৫.০০৮.২৩-২৮০ তারিখ: ৩০ আশ্বিন ১৪৩২ / ১৫ অক্টোবর ২০২৫

**বিষয়: সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান সংক্রান্ত ০৮ অক্টোবর ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের লক্ষ্যে অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ)-এর সভাপতিত্বে গত ০৮ অক্টোবর ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত ১, ৩, ৪ ও ৫ নিম্নরূপ:

| | |
|---|---|
| ১ | ডেঙ্গু প্রতিরোধে সিটি কর্পোরেশন ও পৌর এলাকার কার্যক্রম নিয়মিত মনিটর করতে হবে। |
| ৩ | মশক নিধনে প্রতিদিন যে লার্ভিসাইট ও এডাল্টিসাইট প্রয়োগ করা হয় এবং মশার ঔষধ স্প্রে করা হয় তার কার্যকারিতা পরীক্ষা করতে হবে। |
| ৪ | স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের মশককর্মীদের প্রশিক্ষণের আয়োজন করতে হবে। |
| ৫ | সারাদেশে ডেঙ্গু প্রতিরোধে গৃহীত কার্যক্রমের তথ্য সংগ্রহ করে প্রতিদিন Google Form এ প্রেরণ নিশ্চিত করতে হবে। |

২। এমতাবস্থায়, বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী ০২ পৃষ্ঠা

15.10.2025
জিয়াউর রহমান
উপসচিব
ফোন: ০২৫৫১০০৬৭৭
ইমেইল: urbandev2@lgd.gov.bd

**বিতরণ:**

১. প্রধান নির্বাহী কর্মকর্তা----------------------------------------সিটি কর্পোরেশন (সকল);
২. প্রশাসক-------------------------------- পৌরসভা (সকল)।

স্মারক নং ৪৬.০০.০০০০.১০৭.০৫.০০৮.২৩-২৮০/১(৪) তারিখ: ৩০ আশ্বিন ১৪৩২ / ১৫ অক্টোবর ২০২৫

**অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য);
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
৪. অফিস কপি।

15.10.2025
জিয়াউর রহমান
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
নগর উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**বিষয়: সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সুরাইয়া আখতার জাহান<br>অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ |
| তারিখ ও সময় | : | ০৮ অক্টোবর ২০২৫; বিকাল ০৩:০০ ঘটিকা |
| সভার স্থান | : | স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নং- ৬০১, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি সভায় স্বশরীরে অংগ্রহণকারী ও ভার্চুয়ালি (Zoom App) সংযুক্ত সিটি কর্পোরেশন এবং পৌরসভাসমূহের প্রশাসকসহ অন্যান্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য এ সভা আহ্বান করা হয়েছে। অত:পর তিনি স্থানীয় সরকার বিভাগের উপসচিব (নগর উন্নয়ন-২ শাখা)-কে সভার আলোচ্য বিষয় ও গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

২। উপসচিব, নগর উন্নয়ন-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। তিনি জানান "ডেঙ্গুসহ মহাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা-২০২৫" প্রনয়ণ করা হয়েছে। ইতোমধ্যে "ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক জাতীয় কমিটি" পুনর্গঠন করা হয়েছে। এছাড়া ডেঙ্গু প্রতিরোধে গৃহীত কার্যক্রমের তথ্য সংগ্রহ করার জন্য একটি Google Form প্রস্তুত করা হয়েছে। উক্ত Google Form এর মাধ্যমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ হতে প্রতিদিন তথ্য প্রদান করা হয়।

৩। প্রশাসক, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন বলেন, গত ১৪ জনু ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী ডেঙ্গু রোগ প্রতিরোধে সচেতনতামূলক TVC প্রস্তুত করা হয়েছে। উক্ত TVC টি সপ্তাহে ৭ (সাত) দিন পিক আওয়ারে সকল টেলিভিশনে প্রচার করা হবে। ডেঙ্গু প্রতিরোধের লক্ষ্যে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রতিটি ওয়ার্ডে মনিটরিং টিম গঠন করা হয়েছে। মনিটরিং টিম প্রতিটি ওয়ার্ডে বাড়ি বাড়ি পরিদর্শন করবে এবং মশার ঔষধ নিয়মিত প্রয়োগ করা হয় কি-না তা মনিটরিং করবে। তিনি আরও জানান ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক ঢাকা বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) সহ মোট তিনটি বিশ্ববিদ্যালয়ে ১০৪০ জন ছাত্র-ছাত্রীসহ একটি র‍্যালির আয়োজন করবে। উক্ত র‍্যালিতে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয় উপস্থিত থাকবেন।

০৪। প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন বলেন, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় প্রতিদিন লার্ভিসাইড ও এডাল্টিসাইড প্রয়োগ করা হয়। নিয়মিত ফগার মেশিনের মাধ্যমে মশার ঔষধ স্প্রে করা হয়। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়েছে। ডেঙ্গু প্রতিরোধে ২০ সদস্য বিশিষ্ট একটি স্পেশাল টিম গঠন করা হয়েছে যারা নিয়মিত ডেঙ্গু প্রতিরোধী কার্যক্রম মনিটরিং করে থাকে। তবে সিটি কর্পোরেশন এলাকার বাইরে মশার প্রকোপ একটু বেশি। তিনি আরও বলেন, হাসপাতালগুলোতে প্রচুর ডেঙ্গু সনাক্তকরণ কীট প্রয়োজন হয়। কিন্তু হাসপাতালগুলোতে পর্যাপ্ত পরিমাণ ডেঙ্গু সনাক্তকরণ কীট নাই। দেশের হাসপাতালসমূহে পর্যাপ্ত ডেঙ্গু সনাক্তকরণ কীট সরবরাহের জন্য স্বাস্থ্য সেবা বিভাগকে অনুরোধ করা প্রয়োজন।

০৫। অধ্যাপক ড. মোঃ গোলাম ছারোয়ার, বিভাগীয় প্রধান, এন্টোমলজি বিভাগ, নিপসম, মহাখালী, ঢাকা বলেন আমরা যে লার্ভিসাইড ও এডাল্টিসাইড প্রয়োগ করছি তা মশা নিধনে কাজ করছে কিনা পরীক্ষা করা প্রয়োজন। মশক নিধনে যে কার্যক্রম চলমান রয়েছে তার মনিটরিং জোরদার করা প্রয়োজন।

০৬। প্রফেসর ড. শেফালী বেগম, (কীটতত্ত্ববিদ), প্রাণিবিদ্যা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা বলেন, এখন প্রচুর বৃষ্টি হচ্ছে। বাইরে যে কন্টিনার, প্লাস্টিকের পট পড়ে আছে সেগুলো পরিষ্কার করতে হবে অর্থাৎ পরিষ্কার পরিচ্ছন্নতার দিকে নজর দিতে হবে।

০৭। প্রফেসর ড. মুহঃ রাশেদুল ইসলাম, কীটতত্ত্ব বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা বলেন, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে যে সকল মশককর্মী আছে তাদের প্রশিক্ষণ দেয়া প্রয়োজন। স্থানীয় সরকার বিভাগের যে মনিটরিং টীম আছে তার সাথে একটি টেকনিক্যাল টীম গঠন করা যায়। প্রতিদিন যে লার্ভিসাইট ও এডাল্টিসাইট প্রয়োগ করা হচ্ছে এবং মশার ঔষধ স্প্রে করা হচ্ছে সেটার কার্যকারীতা পরীক্ষা করা প্রয়োজন।

০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন বলেন, নিয়মিত লার্ভিসাইডিং ও এডাল্টিসাইডিং ও নিয়মিত মনিটরিং এর পাশাপাশি ওয়েব পেইজে এর মাধ্যম ছবি তুলে পাঠানো হয়। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন ১২০০ টি শিক্ষা প্রতিষ্ঠানে "Clean School No Mosquito" শিরোনামে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়েছে। তিনি বলেন ঢাকা শহরে ময়লা ফেলার পর্যাপ্ত ডাস্টবিন নেই। ডাস্টবিন সরবরাহপূর্বক স্থাপন করতে হবে। মশার উপদ্রব কমানোর জন্য শহরকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। ঢাকা শহরে বসবাসকারী নাগরিকদের ডাস্টবিন ব্যবহারের বিষয়ে উদ্বুদ্ধ করতে হবে। যারা ডাস্টবিন ব্যবহার করবে না তাদেরকে জরিমানার আওতায় আনতে হবে।

০৯। প্রশাসক, সিলেট সিটি কর্পোরেশন ও বিভাগীয় কমিশনার, সিলেট বলেন, সিলেট সিটি কর্পোরেশনে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়েছে। নিয়মিত মাইকিং করা হচ্ছে। মসজিদে প্রচারনা করা হয়। লার্ভিসাইডিং ও এডাল্টিসাইডিং করা হচ্ছে। সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়েছে। এছাড়া মোবাইল কোর্ট পরিচালনা চলমান রয়েছে।

১০। প্রশাসক, মীরপুর পৌরসভা, কুষ্টিয়া বলেন, প্রতিনিয়ত লার্ভিসাইডিং ও এডাল্টিসাইডিং ও ফগার মেশিনের মাধ্যমে মশার ঔষধ স্প্রে করে মশা নিধন কার্যক্রম পরিচালনা করা হয়। কুষ্টিয়া উপজেলার আওতাধীন ১৩ টি ইউনিয়নের জন্য ১৩ টি ফগার মেশিন ক্রয় করা হয়েছে।

১১। প্রধান পরিচ্ছন্নতা কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন বলেন, রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গু পরিস্থিতি ভালো। নির্দেশনা অনুযায়ী মশা নিধন কার্যক্রম চলমান আছে। প্রতি ৫ (পাঁচ) দিন পর পর লার্ভিসাইডিং ও এডাল্টিসাইডিং করা হয়। যাতে মশার লার্ভা তৈরী হওয়ার সুযোগ না পায়। এছাড়া ডেঙ্গু প্রতিরোধে কার্যক্রম চলমান রয়েছে।

১২। সার্বিক আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১ | ডেঙ্গু প্রতিরোধে সিটি কর্পোরেশন ও পৌর এলাকার কার্যক্রম নিয়মিত মনিটর করতে হবে। | ১। সিটি কর্পোরেশন (সকল)<br>২। পৌরসভা (সকল)<br>৩। মনিটরিং টীম |
| ২ | স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গঠিত মনিটরিং টীমের কার্যক্রম জোরদার করতে হবে। | ১। স্থানীয় সরকার বিভাগ |
| ৩ | মশক নিধনে প্রতিদিন যে লার্ভিসাইট ও এডাল্টিসাইট প্রয়োগ করা হয় এবং মশার ঔষধ স্প্রে করা হয় তার কার্যকারিতা পরীক্ষা করতে হবে। | ১। সিটি কর্পোরেশন (সকল)<br>২। পৌরসভা (সকল) |
| ৪ | স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের মশককর্মীদের প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | ১। সিটি কর্পোরেশন (সকল)<br>২। পৌরসভা (সকল) |
| ৫ | সারাদেশে ডেঙ্গু প্রতিরোধে গৃহীত কার্যক্রমের তথ্য সংগ্রহ করে প্রতিদিন Google Form এ প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। সিটি কর্পোরেশন (সকল)<br>২। পৌরসভা (সকল) |
| ৬ | যে সকল পৌরসভায় মশক নিধনে ব্যবহৃত যন্ত্রপাতি নাই তা দ্রুত ক্রয়ের উদ্যোগ নিতে হবে। | ১। পৌরসভা (সংশ্লিষ্ট) |

১৩। আলোচনা শেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত)
তারিখ: ১৫/১০/২০২৫ খ্রি.
সুরাইয়া আখতার জাহান
অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ)

নম্বর: ৪৬.০০.০০০০.১০৭.০৫.০০৮.২৩-২৭৯/১(২২)

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩২
১৫ অক্টোবর ২০২৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
২. ব্যবস্থাপনা পরিচালক, ওয়াসা (সকল);
৩. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা;
৪. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা;
৫. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা;
৬. প্রশাসক, ----------------------------সিটি কর্পোরেশন (সকল);
৭. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
৮. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
৯. প্রধান নির্বাহী কর্মকর্তা, ----------------------------সিটি কর্পোরেশন (সকল);
১০. যুগ্মসচিব (সিটি কর্পোরেশন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
১১. যুগ্মসচিব ( পৌর-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
১২. প্রফেসর ড. শেফালী বেগম, (কীটতত্ত্ববিদ), প্রাণিবিদ্যা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
১৩. প্রফেসর ড. মুহঃ রাশেদুল ইসলাম, কীটতত্ত্ব বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা;
১৪. অধ্যাপক ড. মোঃ গোলাম ছারোয়ার, বিভাগীয় প্রধান, এন্টোমলজি বিভাগ, নিপসম, মহাখালী, ঢাকা;
১৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণী দপ্তর, লালবাগ, ঢাকা;
১৬. উপসচিব (সিটি কর্পোরেশন-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
১৭. প্রশাসক, ----------------------------পৌরসভা (সকল);
১৮. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, -------------------------------সিটি কর্পোরেশন (সকল);
১৯. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন;
২০. প্রধান নির্বাহী কর্মকর্তা/পৌর নির্বাহী কর্মকর্তা, ---------------------পৌরসভা (সকল);
২১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
২২. অফিস কপি।

15.10.2025

জিয়াউর রহমান
উপসচিব
ফোন: ০২৫৫১০০৬৭৭
ই-মেইল: urbandev2@lgd.gov.bd